

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

26 November 2012

Bangladesh Embassy in Washington DC observed the Armed Forces Day

The Embassy of Bangladesh in Washington DC observed the Armed Forces Day here today (November 26, 2012) with due solemnity and enthusiasm to mark the 41st anniversary. On November 21, 1971 Army, Navy, Air force combined launched their attack during our glorious war of Independence against the occupation forces. In order to commemorating the day, the Embassy hosted a reception at the Bangabandhu Auditorium. Bangladesh Ambassador to the USA H.E. Akramul Qader and Brigadier General Mohammad Abdul Moeen, ndc, psc. Defense Attach' welcomed the guests.

Ambassador Akramul Qader, in his welcome remarks, paid rich tribute to the martyrs' including the members of Armed Forces who had made supreme sacrifices for the independence of the country. The Ambassador also paid deep respect to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman for his contribution to build a modern Armed Force for the newly independent country. He said that the Armed Forces of Bangladesh contributed tremendously particularly in field of disaster management, infrastructural development and preparation of computerized national ID cards in the country. Ambassador Qader recalled the pioneering role of the Bangladesh Armed Forces under the UN Peace-keeping missions which brightened the image of Bangladesh abroad. Earlier the Defense Attaché' gave a brief resume on the role of the Bangladesh Armed Forces since inception.

On the sideline of the reception, there was a video presentation on the glorious role of the Bangladesh Armed Forces both in nation building and in peace-keeping around the world.

A good number of guests attended the event which included Ambassadors, Defense attaches, members of the diplomatic corps, US dignitaries including high officials from the Pentagon and State Department, representatives from media, members of the Bangladesh Community and officers of the Mission.

Contact: Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : bdoot_pwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২৬ নভেম্বর, ২০১২

বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসিতে সশস্ত্র বাহিনী দিবস উদযাপিত

যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অদ্য ২৬ নভেম্বর ২০১২ তারিখে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ৪১তম সশস্ত্র বাহিনী দিবস পালিত হয়। ১৯৭১ সালের ২১শে নভেম্বর বাংলাদেশের গৌরবোজ্জ্বল স্বাধীনতা সংগ্রামে আর্মি, নেভী ও বিমানবাহিনী যৌথভাবে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করে। এ দিনটির স্মরণে প্রতিবছর বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস হিসেবে পালন করে থাকে। এ উপলক্ষে বাংলাদেশ দূতাবাস বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের এবং ডিফেন্স এ্যাটাচি ব্রিগেডিয়ার জেনারেল জনাব মোহাম্মদ আবদুল মঈন, এনডিসি, পিএসসি, অভ্যাগত অতিথিদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন।

রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যে সশস্ত্র বাহিনীর সদস্যসহ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যারা শহীদ হয়েছেন তাঁদের সকলের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশে একটি আধুনিক সশস্ত্র বাহিনী গড়ে তুলতে অবিস্মরণীয় অবদানের জন্য তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশ সশস্ত্র বাহিনী প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, অবকাঠামোগত উন্নয়ন এবং কম্পিউটারাইজড জাতীয় পরিচয়পত্র তৈরীতে বিশেষ ভূমিকা পালন করেছে। তিনি আরও উল্লেখ করেন বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যগণ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অগ্রণী ভূমিকা পালনের মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি বহুলাংশে উজ্জ্বল করেছে। ডিফেন্স এ্যাটাচি সশস্ত্র বাহিনী সৃষ্টির শুরু থেকে এ বাহিনীর ভূমিকা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দেন।

মূল অনুষ্ঠানের পাশাপাশি জাতি গঠনে এবং বিশ্বব্যাপী জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উজ্জ্বল ভূমিকা সম্পর্কে একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত, ডিফেন্স এ্যাটাচি, ডিপ্লোমেটিক কোরের সদস্য, মার্কিন পররাষ্ট্র দপ্তর ও পেন্টাগনের উচ্চ পদস্থ কর্মকর্তা, মিডিয়া প্রতিনিধি, প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশ দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারীসহ অনেক অতিথি উপস্থিত ছিলেন।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : bdoot_pwash@yahoo.com